

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**
Date: 06-11-2025
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

- (১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লু আজ খোয়াইয়ের বিভিন্ন সীমান্ত এলাকা পরিদর্শন করেন।
- (২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ ধলাই জেলায় ক্রমসূচিতে প্রধানমন্ত্রী কৌশল বিকাশ যোজনা এবং মুখ্যমন্ত্রী দক্ষতা উন্নয়ন কর্মসূচির বিভিন্ন সুবিধা প্রদান করেন।
- (৩) বিহার বিধানসভা নির্বাচনের প্রথম পর্বে ১৪টি জেলার ১২১টি আসনে আজ সুর্তুভাবে ভোটগ্রহণ সম্পন্ন হয়েছে।
- (৪) চেন্নাইয়ে ২৩তম এশিয়ান মাস্টার্স এথলেটিক্স প্রতিযোগিতায় ত্রিপুরার বর্ষ্যান এথলেট শেফালী বৰ্ধন আজ ১টি স্বর্ণ ও ১টি রোপ্য পদক লাভ করেছেন।
- *****

Governor :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লু রাজ্যের বিভিন্ন সীমান্ত এলাকা পরিদর্শন করেছেন। ধলাই, উনকোটি ও উত্তর জেলা সফর শেষে থেকে তিনি আজ খোয়াই সফরে যান। জেলাশাসক কার্যালয়ে তাঁকে স্বাগত জানান খোয়াই জেলার জেলাশাসক রজত পন্থ, জেলা পুলিশ সুপার রানাদিত্য দাস সহ অন্যান্যরা। সেখানে রাজ্যপালকে গার্ড অফ অনার দেওয়া হয়। তিনি আজ খোয়াই বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তের পহরমুড়া, গৌরনগর, বেলছড়া, বগাবিল, খেংরা বাড়ি ইত্যাদি সীমান্ত এলাকায় যান। রাজ্যপাল বিএসএফের ওয়াচ টাওয়ার পরিদর্শন করেন এবং কর্মরত বিএসএফ জওয়ানদের সঙ্গে কথা বলেন। আকাশবাণীর খোয়াই জেলা সংবাদদাতা আশিস চক্রবর্তীকে দেওয়া সাক্ষাৎকারে রাজ্যপাল জানান, প্রধানমন্ত্রীর নির্দেশে কেন্দ্রীয় ও

রাজ্যের প্রকল্পগুলি সীমান্ত গ্রামগুলিতে সঠিকভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা তা খতিয়ে দেখতে তিনি তিনি দিন ধরে উত্তর ত্রিপুরা, উন্কোটি এবং ধলাই জেলা পরিদর্শন করেছেন। মূলতঃ সীমান্ত গ্রামে শিক্ষা ব্যবস্থা, স্ব-সহায়ক দলের সুবিধা ও অসুবিধা, স্বাস্থ্য পরিষেবা, পানীয় জল, বিদ্যুৎ, প্রধানমন্ত্রী আবাস যোজনায় ঘর, উজ্জ্বলা যোজনা প্রকল্প গ্যাসের সংযোগ, রেশন সামগ্রী এগুলো সঠিকভাবে সাধারণ মানুষজন পাচ্ছেন কিনা সে বিষয়গুলো তিনি খোঁজ খবর করেছেন বলে জানান।

Byte-Governor# # #

CM-Dhalai :

রাজ্যের ১২টি জনপদে পুনর্বাসন দেওয়া ক্র পরিবারগুলির ১ জন করে সদস্যকে দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ দেওয়া হবে। রাজ্যের বিভিন্ন স্থানে ১২টি জনপদে ৬,৯০০ ক্র পরিবারকে পুনর্বাসন দেওয়া হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির পরামর্শে ক্র পরিবারগুলির দক্ষতা উন্নয়ন ও জীবিকা নির্বাহে তাদের প্রধানমন্ত্রী কৌশল বিকাশ যোজনা এবং মুখ্যমন্ত্রী দক্ষতা উন্নয়ন যোজনার আওতায় আনা হয়েছে। আজ ছৈলেটা বাজার মাঠে রাজ্যভিত্তিক টুলকিট বিতরণ অনুষ্ঠান এবং বিভিন্ন পরিকাঠামোর উদ্বোধনী অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা একথা বলেন।

Byte-CM# # #

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী কৌশল বিকাশ যোজনা এবং মুখ্যমন্ত্রী দক্ষতা উন্নয়ন যোজনায় ক্র সুবিধাভোগীদের ৮৯৫ জনকে ১৫ দিনের প্রশিক্ষণ দেওয়া হয়েছে। আজ ২০ জনকে আনুষ্ঠানিকভাবে মুখ্যমন্ত্রী সহ অতিথিগন বিভিন্ন টুলকিট তুলে দেন। পাশাপাশি মুখ্যমন্ত্রী অনুষ্ঠান মঞ্চ থেকে ভার্চুয়ালভাবে ছামনু এইচ এস স্কুলের (বিদ্যাজ্ঞানি) নতুন ভবন, ছামনু অগ্নি নির্বাপক কেন্দ্রে নতুন অফিস বাড়ি, গ্রামোন্নয়ন দপ্তরের এক্সিকিউটিভ ইঞ্জিনীয়ারের নতুন অফিস বাড়ি এবং ছৈলেটা টুরিস্ট লজের উদ্বোধন করেন।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তোষ চাকমা, ধলাই জিলা পরিষদের সভাধিপতি সুমিতা দাস, বিধায়ক শঙ্কুলাল চাকমা। স্বাগত বক্তব্য দেন শিল্প ও বাণিজ্য দপ্তরের সচিব কিরণ গিত্তে। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন দক্ষতা উন্নয়ন দপ্তরের অধিকর্তা প্রদীপ কে। উপস্থিত ছিলেন ধলাই জেলার জেলাশাসক বিবেক এইচ বি এবং জনপ্রতিনিধিগণ।

অনুষ্ঠানের পর মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা এবং অতিথিগণ ক্ল পুনর্বাসন কেন্দ্র লবনছড়া এডিসি ভিলেজের হামবাইপাড়া পরিদর্শন করেন। মুখ্যমন্ত্রী বিভিন্ন পরিবারের সদস্যদের সঙ্গে তাদের জীবন জীবিকা, শিক্ষা ব্যবস্থা সহ বিভিন্ন বিষয়ে মতবিনিময় করেন।

DLC Campaign 4.0 :

অর্থমন্ত্রী প্রণজিঃ সিংহ রায় বলেছেন, পেনশন ও পেনশনভোগী কল্যাণ বিভাগ মুখ্যবয়ব শনাক্তকরণ প্রযুক্তির মাধ্যমে পেনশনভোগীদের জীবন শংসাপত্র জমা দেওয়ার প্রক্রিয়াকে সহজ করতে চলতি মাসে দেশব্যাপী ডিজিটাল জীবন শংসাপত্র প্রচারাভিযানের চতুর্থ পর্যায়ের আয়োজন করেছে। আজ আগরতলা মুক্তধারায় এক সেমিনারে উদ্বোধন করে তিনি একথা বলেন। অর্থমন্ত্রী বলেন এই পদ্ধতিতে পেনশনভোগীরা অ্যান্ড্রয়েড স্মার্ট ফোনের আধার লিঙ্ক যুক্ত পরিচয়ের মাধ্যমে শংসাপত্র জমা দিতে সক্ষম হবেন। তিনি বলেন এর আগে জীবন শংসাপত্র জমা দেওয়ার জন্য পেনশনভোগীদের পেনশন বিতরণ অফিসে যেতে হত, যা বয়স্কদের জন্য বিশেষ অসুবিধার ছিল। মুখ্যবয়ব শনাক্তকরণের মাধ্যমে জীবন শংসাপত্র প্রদান এই প্রক্রিয়াকে সহজ করেছে। অর্থমন্ত্রী সারা রাজ্যে এখন পর্যন্ত ৮০ হজার ১৯ জন পেনশনভোগীর প্রত্যেকে যাতে এর সুবিধা পান তা নিশ্চিত করতে দপ্তরের আধিকারিকদের পরামর্শ দিয়েছেন। উপস্থিত ছিলেন অর্থ দপ্তরের সচিব অপূর্ব রায়, অতিরিক্ত সচিব ডঃ আকিঞ্চন সরকার, যুগ্ম সচিব দেবমিতা কিলিকদার সহ বিভিন্ন দপ্তর ও ব্যাংকের আধিকারিকরা।

Agriculture Minister :

কৃষিমন্ত্রী রতন লাল নাথ আজ সচিবালয়ে সাংবাদিকদের জানান, রাজ্যের মোট ৬ হাজার কৃষককে এ.আর.সি পদ্ধতিতে আলু চাষের জন্য সহায়তা দেওয়া হবে। এরজন্য প্রত্যেক কৃষককে ব্যাংক অ্যাকাউন্টে ২,০০০ টাকা আর্থিক সহায়তা ও ১,০০০ টাকার কৃষি সামগ্রী দেওয়া হবে। এই প্রকল্পে সরকারের মোট ব্যয় হবে প্রায় ১ কোটি ৮০ লক্ষ টাকা। তিনি বলেন, বর্তমানে রাজ্যে ২৩ হাজার ৭০০ জন কৃষক প্রায় ৪৭ হাজার ৩৪১ কানি জমিতে আলু চাষ করেন। প্রচলিত পদ্ধতিতে প্রতি কানিতে কৃষকরা গড়ে ২,৫০০ থেকে ৩ হাজার কেজি আলু ফলন পেতেন। এ.আর.সি পদ্ধতিতে ফলন বেড়ে ৯ হাজার থেকে ১০ হাজার কেজি পর্যন্ত হচ্ছে বলে মন্ত্রী জানান। তিনি আরও বলেন, ২০২৮-২৯ সালের মধ্যে আলুর বীজ উৎপাদনে এবং ২০২৯-৩০ সালের মধ্যে রাজ্য আলু উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ হয়ে উঠবে।

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

Sound Byte

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডল্লিউ. ডল্লিউ. ডল্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

Bihar Election :

বিহার বিধানসভা নির্বাচনের প্রথম পর্বে ১৮টি জেলার ১২১টি আসনে আজ সুর্তুভাবে ভোটগ্রহণ সম্পন্ন হয়েছে। বিকেল ৫টা পর্যন্ত ভোটের হার ৬০.১৩ শতাংশ। বিকেল ৩টে পর্যন্ত ৫৩.৭৭ শতাংশ ভোট পড়েছে, যার মধ্যে বেগুসরাই জেলায় সর্বোচ্চ ৫৯.৮২ শতাংশ ভোট পড়ে।

জেডি(ইউ) সভাপতি এবং বিহারের মুখ্যমন্ত্রী নীতিশ কুমার, বিজেপি নেতা এবং উপ-মুখ্যমন্ত্রী সম্মাট চৌধুরী, বিজেপি নেতা এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিত্যানন্দ রাই, লোক জনশক্তি পার্টি (রাম বিলাস) প্রধান চিরাগ পাসওয়ান এবং ভিআইপি প্রধান ও মহাজোটের উপ-মুখ্যমন্ত্রী মুকেশ সাহানি সহ বেশ কয়েকজন বিশিষ্ট নেতা আজ ভোট দিয়েছেন।

সকাল ৭টায় শুরু হয় এবং সন্ধ্যা ৬টা পর্যন্ত ভোট নেয়া হয়। নিরাপত্তার কারণে, সিমরি বথতিয়ারপুর, মহিশি, তারাপুর, মুঙ্গের, জামালপুর এবং সূর্যগড়া বিধানসভা বিভাগের ৫৬টি ভোটকেন্দ্রে ভোট বিকেল ৫ টায় শেষ হয়েছে। অবাধ, সুর্তু ও শান্তিপূর্ণ ভোটগ্রহণ নিশ্চিত করতে ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়।

150 years of Vande Mataram-National :

ভারত বন্দেমাতরম সঙ্গীতের ১৫০তম বার্ষিকী উদযাপন করছে। ঋষি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত এই সঙ্গীত ভারতীয়দের প্রজন্মের পর প্রজন্মের একতা, জাগরণ এবং জাতির চেতনা উদযাপন করতে অনুপ্রাণিত করেছে।

জাতীয় স্তোত্র ‘বন্দেমাতরম’ এর সার্ধশতবর্ষ উপলক্ষে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল নতুন দিল্লিতে এক বছর ব্যাপী বিশেষ কর্মসূচির সূচনা করবেন। বন্দেমাতরমের দেড়শো বছর উদযাপনে সংস্কৃতি মন্ত্রকের পক্ষ থেকে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। আগামী বছরের ৭ই নভেম্বর পর্যন্ত এই কালজয়ী সৃষ্টির স্মরণে নানা অনুষ্ঠানের আয়োজন করা হবে। এই স্তোত্রের সঙ্গে দেশের জাতীয় গর্ব, ত্রিক্ষণ ও স্বাধীনতা সংগ্রামের ইতিহাস জড়িয়ে রয়েছে।

উদ্বোধনী অনুষ্ঠানের অঙ্গ হিসেবে থাকছে বল্দে মাতৃরমের ১৫০ বছরের ইতিহাস বিষয়ে বিশেষ প্রদর্শনী। রয়েছে তথ্যচিত্রের প্রদর্শনী। এই উপলক্ষ্যে একটি স্মারক মুদ্রা ও ডাকটিকিট প্রকাশিত হবে।

150 years of Vande Mataram-Governor :

রাজ্যও যথাযথ মর্যাদায় বর্ষব্যাপী এই কর্মসূচি উদযাপন করা হবে। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাম্বু আগামীকাল সকালে আমবাসা টাউন হলে বল্দেমাতৰম এর ১৫০ বছর পূর্তি উপলক্ষ্যে ধলাই জেলাভিত্তিক অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। তাছাড়া তিনি আমবাসা সার্কিট হাউসে এডিসি আধিকারিকদের সঙ্গে পর্যালোচনা বৈঠক করবেন। বৈঠক শেষে তিনি পুর্ববাসনপ্রাপ্ত ক্ল উদ্বাস্তুদের দুটি গ্রাম কমলাছড়া ও হাদুকলুক পাড়া পরিদর্শন করবেন।

150 years of Vande Mataram-CM :

আগামীকাল সকাল ১০টায় সচিবালয় প্রাঙ্গণে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা রাজ্যভিত্তিক অনুষ্ঠানের উদ্বোধন করবেন। রাজ্যের প্রতিটি জেলায়, মহকুমায়, আগরতলা পুর নিগম এবং অন্যান্য পুর সংস্থাগুলিতেও একইসঙ্গে বল্দেমাতৰম গানের ১৫০ বছর পূর্তি অনুষ্ঠানের আয়োজন করা হবে।

মুখ্যমন্ত্রী আজ এক ভিডিও বার্তায় আগামীকাল বল্দেমাতৰম গানটির ১৫০ বছর উদযাপন উপলক্ষ্যে আয়োজিত কর্মসূচিতে অংশগ্রহণের জন্য সবার প্রতি আহ্বান রেখেছেন। তিনি বলেছেন, এই কর্মসূচিটি বিকশিত ভারত গড়ে তোলার লক্ষ্যে প্রেরণা সংগ্রাহ করবে।

Congress :

সাত দফা দাবিতে প্রদেশ যুব কংগ্রেস, ত্রিপুরা মহিলা কংগ্রেস, NSUI ও সেবা দলের যৌথ উদ্যোগে আজ আগরতলা সহ রাজ্যের বিভিন্ন স্থানে চার

ঘন্টার গনঅবস্থান পালন করা হয়। আগরতলা রাধানগর মোটরস্ট্যান্ড এলাকায় আয়োজিত গনঅবস্থানে প্রদেশ কংগ্রেস সভাপতি আশীর কুমার সাহা বক্তব্য রাখতে গিয়ে অভিযোগ করেন, রাজ্য সরকার জনকল্যানে প্রতিশ্রুতি সঠিকভাবে পালন করছে না।

বিধায়ক সুদীপ রায় বর্মন অভিযোগ করেন, বর্তমানে রাজ্যে শ্রমজীবি জনগনের অধিকার সুরক্ষিত নয়। গনঅবস্থানে উপস্থিত ছিলেন প্রদেশ যুব কংগ্রেস সভাপতি জীলকমল সাহা, মহিলা কংগ্রেস সভানেত্রী সর্বানী ঘোষ চক্রবর্তী, সেবা দলের সভাপতি নিত্য গোপাল রুদ্রপাল, প্রদেশ কংগ্রেস মুখ্যপাত্র প্রবীর চক্রবর্তী প্রমুখ।

* * * * *

MLA's Press Meet :

বিধায়ক বীরজিৎ সিংহ, প্রতিবেশী দেশ থেকে বে-আইনী অনুপ্রবেশ রাখতে দ্রুত ও কার্যকরী পদক্ষেপ গ্রহণ করার দাবি জানিয়েছেন। আজ কৈলাশহর কংগ্রেস ভবনে আহত এক সাংবাদিক সম্মেলনে তিনি এই দাবির কথা উল্লেখ করেন। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন, PCC সদস্য কন্দ্রেন্দু ভট্টাচার্য, জেলা কংগ্রেস সভাপতি মোঃ বদরুজ্জামান প্রমুখ।

* * * * *

President, ICC :

আইসিসি মহিলা ক্রিকেট বিশ্বকাপ ২০২৫-এর বিজয়ী ভারতীয় মহিলা ক্রিকেট দলের সদস্যরা আজ নতুনদিল্লিতে রাষ্ট্রপতি ভবনে রাষ্ট্রপতি দ্বোপদী মূর্মুর সঙ্গে দেখা করেন। সামাজিক মাধ্যমে রাষ্ট্রপতি দলটিকে অভিনন্দন জানিয়ে বলেছেন যে তারা ইতিহাস সৃষ্টি করেছেন এবং তরুণ প্রজন্মের জন্য আদর্শ হয়ে উঠেছেন। রাষ্ট্রপতি আরও বলেন যে দলটি বিভিন্ন অঞ্চল, সামাজিক পটভূমি এবং পরিস্থিতির প্রতিনিধিত্ব করে এবং ভারতকে একটি দল হিসেবে প্রতিফলিত করে।

* * * * *

Shefali's Two Medals :

চেন্নাইয়ে ২৩তম এশিয়ান মাস্টার্স এথলেটিক্স প্রতিযোগিতায় দেশকে আরও দুটি পদক এনে দিলেন ত্রিপুরার বর্ষিয়ান এথলেট শেফালী বর্ধন। আজ আসরের দ্বিতীয় দিনে দেশকে একটি স্বর্ণ পদক এবং একটি রৌপ্য পদক এনেছেন শেফালী। তিনি ৭৫ বছর উর্ধ্ব বিভাগে ৮০ মিটার হার্ডেলসে স্বর্ণ এবং ড্রিপল জাম্পে রৌপ্য পদক পান। এর আগে প্রথম দিন দেশকে রৌপ্য পদক এনে দিয়েছিলেন ৮০০ মিটার দৌড়ে মিতালী দেবনাথ। ত্রিপুরা মাস্টার্স এথলেটিক্স এসোসিয়েশনের সচিব আশীর পাল এথবর জানান।

Run for Unity :

সর্দার বল্লবভাই প্যাটেলের জন্মশতবার্ষিকী উপলক্ষে আগামী ১০ই নভেম্বর আগরতলায় রান ফর ইউনিটি অনুষ্ঠিত হবে। আজ পশ্চিম জেলা শাসক অফিসে সাংবাদিক সম্মেলনে ভারপ্রাপ্ত জিলা সভাধিপতি বিশ্বজিৎ শীল একথা জানান। তিনি জানান, পদযাত্রা শুরু হবে সকাল সাতটায় উজ্জ্যন্ত প্রাসাদ প্রাঙ্গন থেকে। শেষ হবে হাঁপানিয়ায় আন্তর্জাতিক মেলাপ্রাঙ্গনে। অনুষ্ঠানে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা।

Weather :

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৮ ডিগ্রি সেলসিয়াস।
